# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১
**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd

নং-বামাশিবো/প্রশা/৩৩৩২৫১০২৭৮২২/পিরোজপুর-১৫৬/২৭৩ তারিখ: ১৬ অগ্রহায়ণ ১৪৩২ / ০১ ডিসেম্বর ২০২৫

বিষয় : অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে পিরোজপুর জেলার মঠবাড়িয়া উপজেলাধীন তাফালবাড়ীয়া হাসানিয়া আলিম মাদ্রাসার গভার্ণিং বডির কার্যক্রম স্থগিত ও বাতিল করণের জন্য জনাব মোঃ খলিলুর রহমান অভিযোগ দাখিল করেছেন। দাখিলকৃত কাগজপত্রে উল্লেখ করা হয় সহকারী মৌলভী মোঃ জাকারিয়া এডহক কমিটির সভাপতি স্বাক্ষর জাল জালিয়াতির মাধ্যমে নথিপত্র তৈরি করে গভার্ণিং বডি গঠন করেছেন (কপি সংযুক্ত)।

এমতাবস্থায় অভিযোগ সংক্রান্ত সার্বিক বিষয়ে নির্বাচনে দায়িত্বপ্রাপ্ত প্রিজাইডিং অফিসার ব্যতিরেকে সরেজমিনে তদন্ত পূর্বক সুস্পষ্ট মতামতসহ নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

সংযুক্তি: বর্ণনা মোতাবেক ০১ (এক) পাতা।

৩০.১১.২৫

প্রফেসর ছালেহ আহমাদ
রেজিস্ট্রার
ফোন: ৯৬১২৮৫৮
ই-মেইল: registrar@bmeb.gov.bd

উপজেলা নির্বাহী অফিসার
মঠবাড়িয়া, পিরোজপুর।

নং-বামাশিবো/প্রশা/৩৩৩২৫১০২৭৮২২/পিরোজপুর-১৫৬/ তারিখ: ১৬ অগ্রহায়ণ ১৪৩২ / ০১ ডিসেম্বর ২০২৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, পিরোজপুর;
২. জেলা শিক্ষা অফিসার, পিরোজপুর;
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মঠবাড়িয়া, পিরোজপুর;
৪. অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ, তাফালবাড়ীয়া হাসানিয়া আলিম মাদ্রাসা, ডাকঘর-নলী চড়কগাছিয়া, মঠবাড়িয়া, পিরোজপুর;
৫. জনাব মোঃ খলিলুর রহমান (অভিযোগকারী), সাং-আফালবাড়ীয়া, ডাকঘর-নলী চড়কগাছিয়া, মঠবাড়িয়া, পিরোজপুর;
৬. পি ও টু চেয়ারম্যান/ পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৭. আইন সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. অফিস কপি।

০৮.১২.২৫

মোঃ আব্দুর রশিদ
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোন: ৯৬৭৪৮৭৪
ই-মেইল: dradmin@bmeb.gov.bd

# তাফালবাড়িয়া হাসানিয়া আলিম মাদ্রাসা

ইআইআইএন-১০২৭৮২
কোর্ড-১৬৭৫৫

পোঃ নলী চরকগাছিয়া, উপজেলাঃ মঠবাড়ীয়া, জেলাঃ পিরোজপুর।

স্থাপিতঃ ১৯৮৪ইং

সূত্রঃ

তারিখঃ ১০-১১-২০২৫

বরাবর
চেয়ারম্যান
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড
বকশি বাজার, ঢাকা-১২১১।

**বিষয়: পিরোজপুর জেলার মঠবাড়ীয়া উপজেলাধীন তাফালবাড়ি হাসানিয়া আলিম মাদ্রাসার নবগঠিত গভর্নিং বডির কার্যক্রম স্থগিত করণ ও বাতিল প্রসঙ্গে আবেদন। যাহার তারিখ ৯-১১-২০২৫, স্মারক নং-৩৩০২৫১০২৭৮২১/১২০১২০।**

জনাব,

বিনীত নিবেদন এই যে, আমরা তাফালবাড়ি হাসানিয়া আলিম মাদ্রাসার শিক্ষক ও কর্মচারীবৃন্দ। সম্প্রতি আমাদের মাদ্রাসায় একটি নবগঠিত গভর্নিং বডি গঠন করা হয়েছে, যা সম্পূর্ণভাবে অবৈধ ও জালিয়াতির মাধ্যমে সম্পন্ন হয়েছে। বিশেষভাবে উল্লেখ্য যে, সহকারী মৌলভী মোঃ জাকারিয়া বর্তমান এড-হক কমিটির সভাপতি জনাব মোঃ আনোয়ার হোসেন এর স্বাক্ষর জাল করে এবং প্রিজাইডিং অফিসারের স্বাক্ষর জালিয়াতি করে নথিপত্র তৈরি করে গভর্নিং বডি গঠন করেন। এই প্রক্রিয়ায় কোনো বৈধ সভা অনুষ্ঠিত হয়নি, শিক্ষক ও সদস্যদের অনুমোদন গ্রহণ করা হয়নি, এবং বোর্ডের নির্দেশনা অনুসরণ করা হয়নি। ফলে উক্ত গভর্নিং বডি সম্পূর্ণ বেআইনি ও অগ্রহণযোগ্য।

উল্লেখ্য যে, সরকারি মৌলভী মোঃ জাকারিয়া ইতিপূর্বে মঠবাড়িয়া উপজেলা নির্বাহী কর্মকর্তা জনাব মোঃ আব্দুল কাইয়ুম-এর স্বাক্ষর জালিয়াতি করায় প্রায় দুই মাস কারাভোগ করেছেন। মামলাটি এখনো চলমান বার (কপি সংযুক্তি)

তাঁর এ ধরনের অতীত অপরাধমূলক কর্মকাণ্ডের কারণে শিক্ষক-কর্মচারীসহ স্থানীয় জনগণের মধ্যে গভীর ক্ষোভ ও উদ্বেগ সৃষ্টি হয়েছে। এ ধরনের ব্যক্তি কর্তৃক পুনরায় জালিয়াতির মাধ্যমে গভর্নিং বডি গঠন মাদ্রাসার মর্যাদা ক্ষুণ্ন করছে এবং প্রশাসনিক স্থিতিশীলতা নষ্ট করছে, যা বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের নীতিমালা অনুযায়ী গুরুতর শাস্তিযোগ্য অপরাধ।

অতএব, আমরা তাফালবাড়ি হাসানিয়া আলিম মাদ্রাসার শিক্ষক ও কর্মচারীবৃন্দের পক্ষ থেকে বিনীতভাবে অনুরোধ করছি।

১. উক্ত নবগঠিত গভর্নিং বডির কার্যক্রম অবিলম্বে স্থগিত রাখার ব্যবস্থা গ্রহণ করা হোক।
২. জালিয়াতির মাধ্যমে গঠিত গভর্নিং বডিটি সম্পূর্ণরূপে বাতিল ঘোষণা করা হোক।
৩. সহকারী মৌলভী মোঃ জাকারিয়ার বিরুদ্ধে তদন্তপূর্বক প্রয়োজনীয় আইনগত ও প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হোক।

আপনার সদয় বিবেচনা ও দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে সবিনয় মর্জি হয়।

বিনীত,
তাফালবাড়ি হাসানিয়া আলিম মাদ্রাসার শিক্ষক ও কর্মচারীবৃন্দের পক্ষ থেকে

মোঃ রুহুল আমিন
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

(সম্মিলিত স্বাক্ষর)

১. মাওঃ রুহুল আমিন, (ভারপ্রাপ্ত অধ্যক্ষ) অত্র প্রতিষ্ঠান
২. মোঃ খলিলুর রহমান, (প্রতিষ্ঠাতা ও সাবেক অধ্যক্ষ) অত্র প্রতিষ্ঠান
৩. মোঃ মোস্তফা হোসেন, (সহকারী মৌলভী ও দাতা সদস্য) অত্র প্রতিষ্ঠান
৪. মোঃ মহিবকুল্লাহ. (আরবি প্রভাষক) অত্র প্রতিষ্ঠান
৫. মোঃ আলমগীর হোসেন, (প্রভাষক ইসলামের ইতিহাস) অত্র প্রতিষ্ঠান
৬. মোঃ মারুফ আহমেদ, (প্রভাষক ইংরেজি) অত্র প্রতিষ্ঠান
৭. মোঃ শহিদুল ইসলাম, (সহকারী শিক্ষক) অত্র প্রতিষ্ঠান
৮. মোঃ আবু তৈয়ব, (ইবতেদায়ী প্রধান) অত্র প্রতিষ্ঠান
৯. মোঃ জামাল হোসেন, (জুঃ সহকারী শিক্ষক) অত্র প্রতিষ্ঠান

মোঃ আনোয়ার হোসেন
সভাপতি
তাফালবাড়িয়া হাসানিয়া সিনিঃ আলিম মাদ্রাসা
মঠবাড়িয়া, পিরোজপুর।

P.T.O